

কী সেবা কীভাবে পাবেন

মাধ্যমিক স্তরের উপবৃত্তি

ছাত্র ও ছাত্রী নির্বাচন

জানুয়ারী মাসে প্রকল্পভুক্ত সকলপ্ রতিষ্ঠানের শ্রেণি ভিত্তিক মোট ছাত্র ও ছাত্রীর সংখ্যার উপর ভিত্তি করে নির্ধারিত কমিটির মাধ্যমে ছাত্র ১০% ছাত্রী ৩০% (দরিদ্র, মেধাবী ও অবিবাহিত) নির্বাচন করেন। নির্বাচিত ছাত্র ও ছাত্রীদের ছবি সহ উপবৃত্তির ফরমসমূহ পূরন করেপ্ রকল্পের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করা হয়।

১ম কিস্তির উপবৃত্তি বিতরণ

প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয় থেকে ১ম কিস্তির(জানুয়ারী-জুন) ACTSS (বরাদ্দপত্র) প্রেরণ করেন। সে মোতাবেক প্রতিষ্ঠান প্রধানগণের উপস্থিতিতে মাধ্যমিক কর্মকর্তা ও ব্যাংক কর্মকর্তার মাধ্যমে যোগ্য ছাত্র ও ছাত্রীদের টাকা বিতরণ করা হয়।

২য় কিস্তি ছাত্র ও ছাত্রী নির্বাচন

২য় কিস্তির (জুলাই-ডিসেম্বর) জন্য যোগ্য ছাত্র ও ছাত্রী নির্বাচনের জন্য প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয় থেকে ১ম কিস্তির নির্বাচিত ছাত্র ও ছাত্রীদের নামের তালিকা (FSP-3 ফরম) প্রেরণ করেন। ১ম সাময়িক পরীক্ষার পর সেতালিকা থেকে ঝরে পড়া(বিবাহিত,বদলীও মৃত্যু ও নিখোজ) ছাত্র ও ছাত্রী বাদ দিয়ে ২য় কিস্তির (জুলাই-ডিসেম্বর) জন্য নির্বাচিত ছাত্র ও ছাত্রীদের নামের তালিকা (FSP-3ফরম) প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করা হয়।

২য় কিস্তির উপবৃত্তি বিতরণ

প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয় থেকে ২য় কিস্তির (জুলাই-ডিসেম্বর) ACTSS (বরাদ্দপত্র) প্রেরণ করেন। সে মোতাবেক প্রতিষ্ঠান প্রধান এর উপস্থিতিতে মাধ্যমিক কর্মকর্তা ও ব্যাংক কর্মকর্তার মাধ্যমে যোগ্য ছাত্র ও ছাত্রীদের হাতে টাকা বিতরণকরাহয়।

উচ্চ মাধ্যমিক স্তরের উপবৃত্তি

একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রী নির্বাচন

প্রকল্পভুক্ত সকল প্রতিষ্ঠানের একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রীর সংখ্যার উপর ভিত্তি করে নির্ধারিত কমিটির মাধ্যমে ছাত্রী ৪০% (দরিদ্র, মেধাবী ও অবিবাহিত) নির্বাচন করেন। নির্বাচিত ছাত্রীদের ছবি সহ উপবৃত্তির ফরমসমূহ পূরণ করেপ্ রকল্পের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করা হয়।

একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রীদের উপবৃত্তি বিতরণ

প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয় থেকে ১ম কিস্তির ACTSS (বরাদ্দপত্র) প্রেরণ করেন। সে মোতাবেক প্রতিষ্ঠান প্রধানগণের উপস্থিতিতে মাধ্যমিক কর্মকর্তা ও ব্যাংক কর্মকর্তার মাধ্যমে যোগ্য ছাত্র ও ছাত্রীর হাতে টাকা বিতরণ করা হয়।

২য়, ৩য় ও ৪র্থ কিস্তি ছাত্রীনির্বাচন

২য়, ৩য় ও ৪র্থ কিস্তির জন্য যোগ্য ছাত্রী নির্বাচনের জন্য প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয় থেকে ১ম কিস্তির নির্বাচিত ছাত্রীদের নামের তালিকা (মনিটরিং ফরম) প্রেরণ করেন। সে তালিকা থেকে ঝরে পড়া(বিবাহিত,বদলী ও মৃত্যু, নিখোজ) ছাত্রীদের বাদ দিয়ে ২য় ৩য় ও ৪র্থ কিস্তির জন্য নির্বাচিত ছাত্রীদের নামের তালিকা(মনিটরিং ফরম) প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করা হয়।

২য়,৩য় ও ৪র্থ কিস্তির উপবৃত্তি বিতরণ

প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয় থেকে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির ACTSS (বরাদ্দপত্র) প্রেরণ করেন। সে মোতাবেক প্রতিষ্ঠানপ্ রধানগণের উপস্থিতিতে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও ব্যাংক কর্মকর্তার মাধ্যমে যোগ্য ছাত্রীদের হাতে টাকা বিতরণ করা হয়।

স্নাতক(পাস) পর্যায়ে উপবৃত্তি

স্নাতক(পাস) পর্যায়ের ছাত্রী নির্বাচন

প্রকল্পভুক্ত সকলপ্র তিষ্ঠানের ১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষের ছাত্রীর সংখ্যার উপর ভিত্তি করে নির্ধারিত কমিটির মাধ্যমে ছাত্রী ৪০% (দরিদ্র, মেধাবী ও অবিবাহিত) নির্বাচন করেন। নির্বাচিত ছাত্রীদের ছবি সহ উপবৃত্তির ফরম পূরণ করে প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করা হয়।

স্নাতক(পাস) পর্যায়ের উপবৃত্তি বিতরণ

প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয় থেকে ১য়, ২য় ও ৩র্থ বর্ষের ACTSS (বরাদ্দপত্র) প্রেরণ করেন। সে মোতাবেক প্রতিষ্ঠানপ্ রধানগণের উপস্থিতিতে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও ব্যাংক কর্মকর্তার মাধ্যমে যোগ্য ছাত্রীদের হাতে টাকা বিতরণ করা হয়।